## আকাশবাণীশিলচর

### REGIONAL NEWS UNIT – SILCHAR

### EVENING NEWS BULLETIN

### BENGALI

**28 AUGUST 2026** **7:45—7:55PM**

---

১) নেপালে বিধ্বংসী হড়পা বানে মৃতের সংখ্যা বৃদ্ধি পয়ে ৫শো ৪৮ । আসাম সরকারের নেপাল এবং তিব্বত সীমান্তে আটকে পড়া রাজ্যের লোকেদের সহায়তায় জরুরী হেল্প লাইন নম্বর এবং কন্ট্রোল রুম চালু ।

২) আগামী ২৭ অক্টোবর থেকে গৌহাটি এবং বেংককের মধ্যে সরাসরি বিমান সেবা আরম্ভ ।

৩) প্রধানমন্ত্রী জনধন যোজনার আজ ১২ বছর পূর্ণ ।

৪) সমগ্র দেশে আজ চিরাচরিত উৎসাহ ও উদ্দিপনায় ভাই ও বোনেদের মধ্যে স্নেহ ও বিশ্বাসের পবিত্র বন্ধনের উৎসব রাখী বন্ধন তথা রাখী পূর্ণিমা উৎসব পালন ।

এবং

৫) আসামের উমা ছেত্রী এবং জিন্তিমণি কলিতার অষ্ট্রেলিয়া এ দলের বিরুদ্ধে আসন্ন সিরিজের জন্য ভারতীয় মহিলা ক্রিকেটের এ দলে স্থান লাভ ।

---

নেপালে বিধ্বংসী হড়পা বানে মৃতের সংখ্যা বৃদ্ধি পয়ে ৫শো ৪৮ এ দাড়িয়েছে । সীমান্তের দুপারে এখনও ১ হাজার ৫শো ৪৫ জন নিখোজ রয়েছেন । জলের স্রোতে ভেসে যাওয়া মৃতদেহ এবং আটকে পড়া লোকেদের সন্ধানে উদ্ধারকারী দল তল্লাশী অভিযান অব্যাহত রেখেছে । এদিকে , ভোতেকোশী নদীর উৎসমুখে নতুন করে কৃত্রিম হ্রদ তৈরী হওয়ার সম্ভাবনা দেখা দেওয়ায় ওই অঞ্চলের জনমানসে উদ্বেগের সৃষ্টি হয়েছে । কোনভাবে নদীর উৎসমুখ ভেঙ্গে পড়লে ভোতেকাশী নদীতে পুনরায় জলস্তর বৃদ্ধি হতে পারে , এই উদ্বেগের ফলে ওইসব ক্ষতিগ্রস্থ অঞ্চলে উদ্ধারকার্য বিঘ্নিত হচ্ছে । নেপালের নিরাপত্তা কর্মীরা এ পর্যন্ত বিপর্যস্ত জেলাগুলি থেকে ৮শোর বেশী মানুষকে

নিরাপদ স্থানে সরিয়ে নিয়েছে । ভারতের বৈদেশিক মন্ত্রনালয় নেপালে সন্ধানহীন লোকেদের মধ্যে ২শো ৯০ জন ভারতীয় নাগরিক রয়েছেন বলে প্রকাশ করেছে । মন্ত্রক আরো জানিয়েছে যে নেপালে এ পর্যন্ত ৮৪ জন ভারতীয় নাগরিককে উদ্ধার করা সম্ভব হয়েছে । এদের মধ্যে ত্রিশূলী-১ প্রকল্পের ৬৩ জন শ্রমিক এবং তামিলনাড়ুর ২১ জন বাসিন্দা রয়েছেন । বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সোয়াল জানিয়েছেন যে ২শো ৮৮ জন ভারতীয়র সঙ্গে এখনও যোগাযোগ করা সম্ভব হয় নি ।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইতিমধ্যেই নেপালের প্রধানমন্ত্রী বলেন্দ্র

২৮ - ০ ২৬
৭টা - ৪৫ মিনিট ।

----------------------------------------------------------------

শাহের সঙ্গে টেলিফোনে কথা বলে সব ধরণের সহায়তা প্রদান করার আশ্বাস দিয়েছেন ।

অন্যদিকে , চীনের দক্ষিণ পশ্চিমের সিচুয়ান প্রদেশে আজ ৫ দশমিক ১ মাত্রার ভূমিকম্প অনুভূত হয় । ফলে নেপালে নতুন করে বন্যার আশঙ্কা দেখা দিয়েছে । তিব্বতের একটি জলাধার আবারও ফেটে যাওয়ায় ওই অঞ্চলের স্থানীয় বাসিন্দাদের নিরাপদ স্থানে সরে যেতে বলে হয়েছে । প্রবল প্রতিবন্ধকতা এবং প্রতিকূল আবহাওয়া সত্বেও উদ্ধারকারী দল যুদ্ধকালীন তৎপরতায় উদ্ধার কাজ অব্যাহত রেখেছে ।

আসাম সরকার বন্যার ফলে নেপাল এবং তিব্বত সীমান্তে আটকে পড়া রাজ্যের লোকেদের সহায়তার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে । আটকে পড়া লোকেদের দ্রুত সহায়তা করার জন্য আসাম সরকার এবং আসাম রাজ্য দূর্যোগ মোকাবিলা বাহিনী জরুরী হেল্প লাইন এবং একটি কন্ট্রোল রুম চালু করেছে । আসাম ষ্টেট ইমারজেন্সি অপারেশন সেন্টার এবং নতুন দিল্লীর আসাম ভবণের পক্ষ থেকে ২৪ ঘন্টা সহায়তা প্রদান করা হচ্ছে । টোল ফ্রি জরুরী নম্বরগুলি হচ্ছে ১০৭০-১০৭৯-১১ , ০৩৬১২-২৩৭২১৯ এবং ০৯৪০১০৪৪৬১৭ ।

---------------------------------------------------------------------------------

গুয়াহাটী থেকে দুবাই ও আবুধাবি সরাসরি বিমান পরিসেবা আরম্ভ হওয়ার পর আগামী ২৭ শে অক্টোবর থেকে গুয়াহাটী এবং থাইলেন্ডের বেংককের মধ্যেও সরাসরি বিমান পরিসেবা আরম্ভ করা হবে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ সামাজিক মাধ্যমে একথা জানান ।তিনি বলেন যে ইন্ডিগো বিমান সেবার মাধ্যমে গুয়াহাটি বেংকক

সরসরি যোগাযোগ স্থাপন করা হবে । এই পদক্ষেপের মাধ্যমে পর্যটন , বানিজ্য ক্ষেত্রে নতুন দিগন্তের সূচনা হবে বলে তিনি মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী জনধন যোজনার আজ ১২ বছর পূর্ণ হয়েছে । এই উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে জনধন যোজনা অভূতপূর্ব পরিসরে আর্থিক পরিসেবা পৌঁছে দেওয়ার পাশাপাশি রূপান্তরমূলক ফলাফল এনে দিয়েছে । এর নজিরবিহিন প্রভাব ও পরিলক্ষিত হচ্ছে । এই প্রকল্পের আওতায় এ পর্যন্ত চালু হওয়া ৫৯ কোটির বেশি ব্যাঙ্ক অ্যাকাউন্টে মোট জমার পরিমাণ ৩ লক্ষ ১৭ হাজার কোটি টাকা ।

উল্লেখ্য যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০১৪ সালের আজকের দিনেই প্রধানমন্ত্রী জনধন যোজনা চালু করেছিলেন । বিশ্বের বৃহত্তম আর্থিক অর্ন্তভুক্তিকরণ কর্মসূচি হিসেবে এই প্রকল্প দেশের সব মানুষের কাছে ব্যাঙ্কিং পরিষেবা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে । এই প্রকল্পের অধীনে খোলা অ্যাকাউন্টগুলির ৭৮ শতাংশই গ্রামীন ও শহরতলি এলাকায় এবং মোট গ্রাহকের ৫৬ শতাংশ মহিলা ।

---------------------------------------------------------------------------------------

ভারতে বর্তমানে ৭টি স্থানে মোট ২৪টি পরমানু বিদ্যুৎকেন্দ্র চালু রয়েছে । এই কেন্দ্রগুলির মোট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৮ দশমিক ৭ - ৮ গিগাওয়াট । পরমানু শক্তি দপ্তর সূত্রে জানানো হয়েছে যে আরো ৯টি পরমানু চুল্লি নির্মানের কাজ চলছে

উল্লেখ্য যে ভারতের উন্নয়নের যাত্রায় পরমাণু শক্তি একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্র হিসেবে অগ্রগতি লাভ করেছে । বিদ্যুৎ উৎপাদনের পাশা পাশি স্বাস্থ্য পরিসেবা , কৃষি এবং বিভিন্ন শিল্পক্ষেত্রেও পরমানু শক্তির ব্যবহার বৃদ্ধি পেয়েছে । বিকশিত ভারতের জন্য ২০৪৭ সালের মধ্যে দেশে পরমানু বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ১শো গিগাওয়াট করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে । ভারতের পরমাণু শক্তি কর্মসূচির মূল নীতি হলো - সর্বাগ্রে সুরক্ষা । কঠোর নজরদারি , বহুস্তরীয় সুরক্ষা ব্যবস্থা এবং জরুরী পরিস্থিতি মোকাবিলার মাধ্যমে মানুষের জীবন ও পরিবেশের সুরক্ষা নিশ্চিত করা হচ্ছে । এছাড়াও , নির্ভরযোগ্য এবং কম কার্বন নির্গমনকারী বিদ্যুৎ সরবরাহেও পরমানু শক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে ।

---------------------------------------------------------------------------------------

লামডিং - বদরপুর সেকশনের নিউ হারাঙ্গাজাও ষ্টেশনের পার্শবর্তী রেলওয়ে ট্রেক নম্বর এক এবং দুই-এর মেরামতী কাজ এখনও অব্যাহত থাকায় যাত্রী সুরক্ষার কথা বিবেচনা

করে ওই রুটে চলাচলকারী গৌহাটি - দুল্লভছড়া এক্সপ্রেস  এবং গৌহাটি - শিলচর - এক্সপ্রেস ট্রেন দুটির যাত্রা আগামীকালের জন্য বাতিল করা হয়েছে । এছাড়াও দুল্লভছড়া - গৌহাটি এবং শিলচর - গৌহাটি এক্সপ্রেস ট্রেন দুটির যাত্রা আগামী রবিবারের জন্য বাতিল করা হয়েছে ।

অন্যদিকে , নারাঙ্গী - আগারতলা এবং শিলচর - নিউ তিনসুকিয়া এক্সপ্রেস ট্রেন দুটির আজকের যাত্রার সময়সূচির কিছুটা পরিবর্তন করা হয়েছে বলে উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কাপিঞ্জাল কিশোর শর্মা এক প্রেসবার্তায় জানিয়েছেন ।

---

সমগ্র দেশে আজ চিরাচরিত উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে ভাই ও বোনেদের মধ্যে স্নেহ ও বিশ্বাসের পবিত্র বন্ধনের উৎসব রাখী বন্ধন তথা রাখী পূর্ণিমা উৎসব পালন করা হচ্ছে ।পরম্পরা অনুযায়ি আজকের দিনে বোনেরা ভাইদের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনায় তাদের হাতে রংবেরংয়ের রাখী পরিয়ে দেয় । বিনিময়ে ভাইরা বোনেদের সুরক্ষার প্রতিশ্রুতি দেয় এবং স্নেহের চিহ্নস্বরূপ তাদের হাতে উপহার তুলে দেয় ।
রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা রাখী বন্ধন উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । এক বার্তায় রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মু বলেন যে এই উৎসব প্রাচীনকাল থেকে দেশের সংস্কৃতি ও পরম্পরার অবিচ্ছেদ্য অংগ হিসেবে পরিগণিত হয়েছে । তিনি বলেন যে এই উৎসব শুধুমাত্র ভাই বোনেদের মধ্যেই নয় বরং পরিবার , বন্ধু এবং সমাজের মধ্যে বিশ্বাস , সম্মান ও পারস্পরিক দায়িত্ববোধকে প্রতিফলিত করে ।
প্রধানমন্ত্রী শ্রী মোদী সামাজিক মাধ্যমে এক বার্তায় সকলের সুখ সমৃদ্ধি ও সাফল্য কামনা করেছেন ।এই উৎসবে ভালোবাসার বন্ধন ও পারস্পরিক বিশ্বাস আরও সুদৃঢ় হবে বলে তিনি আশা প্রকাশ করেছেন ।
লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা এক বার্তায় এই উৎসব ভারতের সমৃদ্ধ সংস্কৃতি , পারিবারিক মূল্যবোধ ও ভালোবাসার পবিত্র বন্ধনের প্রতীক বলে মন্তব্য করেছেন ।

---

শ্রীভূমি জেলায়ও আজ আনন্দ ও উৎসাহের মধ্য দিয়ে রাখী বন্ধন উৎসব পালন করা হয়েছে । শ্রীভূমি জেলা বিজেপি মহিলা মোর্চার উদ্যোগেও আজ রাখী বন্ধন উৎসবের

আয়োজন করা হয় ।অনুষ্ঠানে ভ্রাতৃত্ব , বিশ্বাস , দায়িত্ববোধ , ভালোবাসা ও পারস্পরিক সুরক্ষার বার্তা তুলে ধরা হয় ।
খুশী স্মৃতি সংস্থার উদ্যোগে আজ শ্রীভূমি জেলার ভারত - বাংলাদেশ সীমান্তের সুতারকান্দিতে বি এস এফ জওয়ানদের সঙ্গে রাখী বন্ধন উৎসব পালন করা হয় ।সুতারকান্দি বি এস এফের ১৭১ নম্বর ব্যাটেলিয়ন ক্যাম্পে আয়োজিত অনুষ্ঠানে সংস্থার মহিলা সদস্যরা সীমান্ত রক্ষী জওয়ানদের হাতে রাখী পরিয়ে দেন ।

---------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল বিকেলে চোরাইবাড়ী ওয়াচ পোষ্টে তল্লাশি চালানোর সময় বাজারিছড়ায় একটি লরী থেকে বিপুল পরিমানের কফ সিরাফ বাজেয়াপ্ত করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে তল্লাশির সময় লরীতে থাকা বিভিন্ন সামগ্রীর আড়ালে চারটি কাঠের বাক্স থেকে ১২শ বোতল কফ সিরাফ উদ্ধার করা হয় । ঘটনায় পুলিশ তিনজন ব্যাক্তিকে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

---------------------------------------------------------------------------------------------

আসামের উমা ছেত্রী এবং জিন্তিমণি কলিতা অষ্ট্রেলিয়া এ দলের বিরুদ্ধে অনুষ্ঠেয় আসন্ন সিরিজের জন্য ভারতীয় মহিলা ক্রিকেটের এ দলে স্থান লাভ করেছে । প্রতিভাবান এই দুই খেলোয়াড় ভারতীয় এ দলে স্থান লাভ করায় ক্রীড়াপ্রেমী রাজ্যবাসি তাদের অভিনন্দন জানিয়েছেন । কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালও তাদের অভিনন্দন জানিয়ে এক বার্তায় বলেছেন যে আসামের নারী শক্তি সুযোগ এবং সম্ভাবনার এক নতুন দ্বার উদঘাটন করেছে । উভয় খেলোয়াড় যুব প্রজন্মের জন্য প্রেরণার উৎস বলে উল্লেখ করে তিনি আসন্ন সিরিজের জন্য তাদের শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।

---------------------------------------------------------------------------------------------

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতায় চর্তুথ দল হিসেবে কোয়াটার ফাইনালে প্রবেশ করেছে জামিরখাল এফ সি । প্রতিযোগীতার আজকের খেলায় জামিরখাল এফ সি ১-০ গোলের ব্যবধানে আরমান ফার্নিচার এফ সি মোহনখালকে পরাজিত করেছে । আজকের ম্যাচ সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন রাহুল রূপসী ।

স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় ওয়াই খাই এফ সি এবং নাহারুল ইউনাইটেড এফ সি পরস্পরের মূখোমূখি হবে ।

--------------------------------------------------------------------------------